

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১১২৩

১. পবিত্রতা অধ্যায় (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১০৯. হায়িযগ্রস্ত মহিলার পবিত্রতা লাভের পর গোসল করার পূর্বেই তার সাথে মিলিত হওয়া প্রসঙ্গে

بَابِ مُجَامَعَةِ الْحَائِضِ إِذَا طَهُرَتْ قَبْلَ أَنْ تَغْتَسِلَ

আরবী

أَخْبَرَنَا فَرْوَةُ بْنُ أَبِي الْمَغْرَاءِ قَالَ سَمِعْتُ شَرِيكًا وَسَأَلَهُ رَجُلٌ فَقَالَ الْمَرْأَةُ يَنْقَطِعُ عَنْهَا الدَّمُ أَيَأْتِيهَا زَوْجُهَا قَبْلَ أَنْ تَغْتَسِلَ فَقَالَ قَالَ عَبْدُ الْمَلِكِ عَنْ عَطَاءٍ أَنَّهُ رَخَّصَ فِي ذَلِكَ الدَّمُ أَيَأْتِيهَا زَوْجُهَا قَبْلَ أَنْ يَكُونَ ذَا خَطَأً أَخَافُ أَنْ يَكُونَ مِنْ حَدِيثِ لَيْتٍ لَا لِلشَّبِقِ قَالَ أَبُو مُحَمَّد الشَّبِقُ الَّذِي يَشْتَهِي

বাংলা

১১২৩. ফুরওয়াহ ইবনু আবীল মাগরা'আ বলেন, আমি শারীক হতে শুনেছি, এক ব্যক্তি তাকে একথা জিজ্ঞেস করলো যে, এক স্ত্রীলোকের রক্তস্রাব বন্ধ হয়ে গেছে। এমতাবস্থায় সে গোসল করার পূর্বে তার স্বামী তার সাথে সহবাস করতে পারবে কি? তিনি বললেন, আব্দুল মালিক আতা রাহি. হতে বর্ণনা করেছেন যে, কামাসক্তি (এর আধিক্য)-এর কারণে তিনি (আতা) এ ব্যাপারে অনুমতি দিয়েছেন।[1]

আবু মুহাম্মদ বলেন, আমার আশংকা হয় যে, তিনি ভূল করেছেন। আমার আরও আশংকা হলো, এটি লাইছের হাদীস (যেটি পূর্বে বর্ণিত হয়েছে), আব্দুল মালিকের এ হাদীস আমি জানি না। আবু মুহাম্মদ (দারিমী) বলেন, । । । যা ব্যক্তি (নারীসঙ্গ) কামনা করে।

ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ হাসান।

তাখরীজ: ((মুহার্ক্কিক এর কোনো তাখরীজ দেননি ৷-অনুবাদক))

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিসবিডি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন